

## অনলাইনে মার্কশিট বিড়ম্বনা

নিজস্ব বাস্তব পরিবেশক

অনলাইনে 'স্মার্ট এডমিশন সিস্টেম' আবেদন ও ফলাফলের ভোগান্তির মধ্যে এবার কলেজ ভর্তি হওয়া শিক্ষার্থীরা মার্কশিট বা নম্বরপত্র বিড়ম্বনায় পড়েছে। ঢাকা শিক্ষা বোর্ডের অধীনে সদ্য এসএসসি উত্তীর্ণদের মার্কশিটে ভুল থাকায় তা পুনরায় ছাপানোর সিদ্ধান্ত নিয়ে কাজ করছে বোর্ড। শীঘ্রই মার্কশিট ছাপানো শেষ হবে বলে জানিয়েছেন বোর্ডের সংশ্লিষ্ট কর্মকর্তারা। তবে যথাসময়ে মার্কশিট না পেয়ে ভোগান্তিতে পড়েছে একাদশে ভর্তি হওয়া শিক্ষার্থীরা।

বোর্ড মার্কশিট না দিলেও অনেকে কলেজ ভর্তি হতে গেলে শিক্ষার্থীদের বলা হচ্ছে, মার্কশিট না হলে বিড়ম্বনা : পৃষ্ঠা : ২ ক : ৩

## বিড়ম্বনা : মার্কশিট

(১৬ পৃষ্ঠার পর)

ভর্তি নয়। অথচ বোর্ড জানিয়েছে; মার্কশিট না হওয়ায় ওয়েবসাইট থেকে ফলাফলের প্রিন্ট কপি নিলেই ভর্তি নিতে হবে। অনেক কলেজ বলছে, বোর্ডের নির্দেশ তারা পায়নি। এ অবস্থায় হয়রানির শিকার হচ্ছে শিক্ষার্থীরা।

গত ২৫ জুন থেকে শিক্ষার্থীদের মার্কশিট প্রদানের সিদ্ধান্ত নিয়েছিল ঢাকা শিক্ষা বোর্ড। সে অনুযায়ী এ বোর্ডের অধিকাংশ শিক্ষা প্রতিষ্ঠানে মার্কশিট পাঠানোও হয়েছিল। কিন্তু অধিকাংশ মার্কশিটই ভুলে ভরা থাকায় গত ২৫ জুনই বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক ড. শ্রীকান্ত কুমার চন্দ শিক্ষা প্রতিষ্ঠানগুলোকে মার্কশিট বিতরণ স্থগিত করার নির্দেশনা দেন।

এছাড়া যেসব শিক্ষা প্রতিষ্ঠানে মার্কশিট পাঠানো হয়েছে তাও ফেরত পাঠানোর নির্দেশ দেন। কয়েক লাখ মার্কশিটে ভুল ধরা পড়ার কারণ হিসাবে ইতোমধ্যেই অভিযোগ উঠেছে কম্পিউটার শাখার প্রধান ব্যক্তি মঞ্জুরুল কবীরের বিরুদ্ধে। এজন্য তদন্ত কমিটি গঠন করেছে শিক্ষা বোর্ড। এ বিষয়ে ঢাকা শিক্ষা বোর্ডের চেয়ারম্যান আবু বকর সিদ্দিক বলেছেন, 'তদন্ত শেষ হয়নি। তদন্ত শেষ হলে সে অনুসারে অবশ্যই ব্যবস্থা নেয়া হবে।'